উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

বিষয় ঃ স্থানীয় সরকার বিভাগের অনিস্পন্ন মামলার বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব আবদুল মালেক সচিব, স্থানীয় সরকার বিভাগ
তারিখ	ঃ	১০ নভেম্বর ২০১৬
সময়	ঃ	বেলা ২.৩০ ঘটিকা
স্থান	ঃ	স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ

সভার উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি স্থানীয় সরকার বিভাগের মামলার গুরুত্ব অনুধাবন করে বেসরকারী প্যানেল আইনজীবী নিয়োগের কারণ ব্যাখ্যা করেন এবং প্যানেল আইনজীবীসহ সংশ্লিষ্ট সবাইকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা -১ ঃ

সভাপতি এ বিভাগের মামলার সংখ্যা ও অন্যান্য বিবরণ উপস্থাপনের জন্য অনুরোধ জানালে উপসচিব (আইন-১) জনাব মোঃ ঈশান আলী রাজা বাঙালী বছর ভিত্তিক মামলার বিবরণ উপস্থাপন করেন। বিবরণ অনুযায়ী দেখা যায় স্থানীয় সরকার বিভাগে বর্তমানে ৭৫১২ টি রীট মামলা, ১০১৩টি দেওয়ানী মামলা এবং ১৩১টি প্রশাসনিক ট্রাইব্যুনাল সংক্রান্ত মামলা রয়েছে। উপসচিব (আইন-১) জানান ২০১৬ সালে এ পর্যন্ত ৯৫০টি রীট মামলা দায়ের হয়েছে। তার মধ্যে ৪৭৭টি ইউনিয়ন পরিষদ সংক্রান্ত, ৪৬টি উপজেলা পরিষদ সংক্রান্ত, ১২৬ টি সিটি কর্পোরেশন সংক্রান্ত, ৯৫টি পৌরসভা সংক্রান্ত, ১৩টি জেলা পরিষদ সংক্রান্ত, ৩টি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সংক্রান্ত, ২টি ওয়াসা সংক্রান্ত, ২০টি এলজিইডি সংক্রান্ত, ১৬টি হাট বাজার সংক্রান্ত ও ২৫১টি অন্যান্য বিষয়ে মামলা রয়েছে। সভাপতি মোট মামলা হতে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা জানতে চাইলে উপসচিব (আইন-১) জানান যে, বছর ভিত্তিক গণনার কাজ হাতে নেয়া হয়েছে, তবে বছর ভিত্তিক নিস্পত্তিকৃত মামলার সংখ্যা এখনও বাছাই করা সম্ভব হয়নি। কার্যক্রম অব্যাহত আছে বলে তিনি সভাপতিকে জানান। সভাপতি মামলা সমূহের বছর ভিত্তিক নিস্পত্তির বিবরণ সংরক্ষনের জন্য উপসচিব (আইন-১) কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ স্থানীয় সরকার বিভাগের বিরুদ্ধে দায়েরকৃত বিভিন্ন মামলার বছর ভিত্তিক নিস্পত্তির বিবরণ আগামী এক মাসের মধ্যে প্রস্তুত করতে হবে। উপসচিব (আইন-১) বিষয়টি নিশ্চিত করবেন।

আলোচনা-২ (কনটেম্পট মামলা) ঃ

সভাপতি কনটেম্পট্ মামলা সম্পর্কে জানতে চাইলে উপসচিব (আইন-১) জানান যে, স্থানীয় সরকার বিভাগের মোট কনটেম্পট্ মামলার সংখ্যা ২৯ (উনত্রিশ) টি। এর মধ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর বিভিন্ন প্রকল্পের কর্মচারী রাজস্ব খাতে আত্তীকরন সংক্রান্ত ২৩ (তেইশ) টি, সিটি কর্পোরেশন সংক্রান্ত ৪ (চার)টি, ডিপিএইচই সংক্রান্ত ১ (এক)টি ও পৌরসভা সংক্রান্ত ১ (এক)টি। কনটেম্পট্ মামলা সমূহের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২০/১০/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। সভাপতি কনটেম্পট্ মামলা সমূহের বিষয়ে এ বিভাগের সকল শাখা/অধিশাখা ও সকল কর্মকর্তাগনকে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত ঃ

১. কনটেম্পট্ মামলার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত/নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় জবাব প্রদানসহ কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন ও উপসচিব (পৌর-১) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) সংক্রান্ত কনটেম্পট্ মামলা সমূহ দ্রুত নিস্পত্তির বিষয়ে এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) বেগম নাসরিন আক্তার তদারকি করবেন।
৩. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) সংক্রান্ত কনটেম্পট্ মামলা সমূহ দ্রুত নিস্পত্তির বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (পাস) জনাব মোঃ মাহবুব হোসেন তদারকি করবেন।

পাতা-১/২

৪. সিটি কর্পোরেশন সংক্রান্ত কনটেম্পট্ মামলা সমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) জনাব রেজাউল ইসলাম তদারকির দায়িত্ব পালন করবেন।

৫. পৌরসভা সংক্রান্ত কনটেম্পট্ মামলা সমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-২) বেগম রওশন আরা তদারকির দায়িত্ব পালন করেন।

আলোচনা-৩ ঃ

সভাপতি বিজ্ঞ প্যানেল আইনজীবীগনকে মামলা নিষ্পত্তিসহ অন্যান্য বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানালে এ বিভাগের বেসরকারি প্যানেল আইনজীবী ব্যারিষ্টার মঈনুল হাসান সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জনপ্রতিনিধিদের বিরুদ্ধে ফৌজদারী মামলায় চার্জশীট আদালত কর্তৃক গৃহীত হলে বা মামলা আমলে নেয়া হলে তাদেরকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের জন্য প্রণীত আইন যেমনঃ ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ আইনে মামলা আমলে নেয়া হলে বা অভিযোগপত্র গৃহীত হলে উল্লিখিত জনপ্রতিনিধির মাধ্যমে ক্ষমতা প্রয়োগ পরিষদের স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোনে সমীচীন না হলে বা বিবেচিত না হলে তখন তাকে বরখাস্ত করা যাবে। সাময়িক বরখাস্তের আদেশ সমূহে এ বিষয়টি আরো ব্যাখ্যা করা প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। ফৌজদারী মামলা আমলে নেয়া বা অভিযোগ পত্র গৃহীত হবার কারনে সরকার কেন মনে করছে যে, উক্ত জনপ্রতিনিধির দ্বারা ক্ষমতা প্রয়োগ সমীচীণ হবে না বা বিবেচনা করা যাবে না। তার ব্যাখ্যা থাকা প্রয়োজন। তিনি আরও জানান যে, স্থানীয় সরকার বিভাগ থেকে বিভিন্ন রীটের আদেশের বিরুদ্ধে লিভ টু আপীল দায়ের করার জন্য প্রেরণ করা হয়। লিভ টু আপীল দায়েরের নির্দিষ্ট সময়সীমা আছে কিনা, মেরিট আছে কিনা, মামলাটি infractuous হয়েছে কিনা ইত্যাদি বিষয় সমূহ বিবেচনা করা প্রয়োজন। তিনি আরো জানান সব ক্ষেত্রে আপিল দরকার হয় না। যে সকল মামলা infractuous হয়ে গেছে, সেগুলো আপীল করার প্রয়োজন নেই।

এ্যাড. শেখ শফিক মাহমুদ পুষ্প সভাকে অবহিত করেন যে, আইনজীবীদের যে বিল প্রদান করা হয়, তার উপর ১৫ % ভ্যাট ও ১০% ট্যাক্স কর্তন করাতে টাকার পরিমান অনেক কমে যায়। তিনি ভ্যাট ও ট্যাক্স সেবা গ্রহনকারী প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে পরিশোধের বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান।

এ্যাড. এস.কে ভৌমিক সভাকে অবহিত করেন যে, মামলা পরিচালনার প্রয়োজনে তাদেরকে অনেক সময় তাৎক্ষনিক ভাবে সচিবালয়ে প্রবেশ করতে হয়। কিন্তু তাদের নামে সচিবালয়ে প্রবেশের পাস না থাকায় তারা সময় মত আসতে পারেন না। তাদের নামে সচিবালয়ে প্রবেশের পাশ ইস্যুর জন্য তিনি অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

(১) লিভ টু আপীল এর জন্য প্রেরণের পূর্বে আপীলের নির্দিষ্ট সময় আছে কিনা, মামলার মেরিট আছে কিনা, infractuous কিনা ইত্যাদি যাচাই করে এরপর প্রেরন করতে হবে। স্থানীয় সরকার বিভাগের সাথে সংশ্লিষ্ট শাখা সমূহ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
(২) প্যানেল আইনজীবীগনকে সচিবালয়ে প্রবেশের পাস ইস্যুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পূনরায় পত্র প্রেরন করা হবে।
(৩) সম্মানিত প্যানেল আইনজীবীগনকে নিয়ে প্রতি ৩ মাস অন্তর মামলা পরিচালনার অগ্রগতির বিষয়ে সভা করা হবে।
(৪) প্যানেল আইনজীবীগনের বিলের অর্থ হতে ভ্যাট ও ট্যাক্স কর্তনের বিষয়ে আর্থিক বিধি বিধান অনুসরণ করে ব্যবস্থা নেয়া হবে।

আলোচনা-৪ ঃ

সভাপতি জানান, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে সড়ক-মহাসড়কের পাশে অবৈধ স্থাপনা উচ্ছেদের নোটিশ প্রদানের প্রেক্ষিতে প্রায় ৮০০০ (আট হাজার) এর মত রীট হয়েছে। এ সকল রীট এনালগাস হেয়ারিং করে নিষ্পত্তি করা যায় কিনা সে বিষয়ে সভাপতি প্যানেল আইনজীবীগনের দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত ঃ

ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশনের সড়ক-মহাসড়কের পাশে অবৈধ স্থাপনা উচ্ছেদের নোটিশের প্রেক্ষিতে রীট পিটিশন সমূহের এনালগাস হিয়ারিং করার বিষয়ে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীগন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/১২/১৮৩

আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.০০৫.১৬- ৪১১৫

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
২। প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ... সিটি কর্পোরেশন।
৪। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন/নগর উন্নয়ন/পাস/ইপ/উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৫। উপসচিব/সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮। বেসরকারি প্যানেল আইনজীবী জনাব.., স্থানীয় সরকার বিভাগ।

২৬.১১.১৬

(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫
E-mail : ishanaliraja@gmail.com